# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়


**১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।**

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org


**১২/১০/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটি সভার কার্যবিবরণীঃ**

অদ্য ১২/১০/২০১৯ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব মোঃ আলফাজ উদ্দিন, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব গাজী হাবিবুর রহমান, সভাপতি, পটুয়াখালী জেলা শাখা। পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং পবিত্র ত্রিপিটক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

বীর মুক্তিযোদ্ধা আব্দুল হক,এসএএও(অবঃ), সোনাতলা, বগুড়া, আকরাম হোসেন, এএইও(অবঃ), শিবগঞ্জ, বগুড়া, সালজার রহমান, এএইও(অবঃ), শাজাহানপুর, বগুড়া, মোঃ হাফিজুর রহমান, এসএকিউও, আজিজুল হক, এসএএও(অবঃ), সুন্দরগঞ্জ, গাইবান্ধা, কহিনুর বেগম, এসএএও(অবঃ), গাইবান্ধা সদর, গাইবান্ধাসহ গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন জনাব গাজী হাবিবুর রহমান, সভাপতি, পটুয়াখালী জেলা শাখা।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। তিনি তার বক্তব্যে বলেন অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ০২ অক্টোবর ২০১৯ইং তারিখ স্মারক নং ১১২ মূলে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের **Self Drawing Officer** হিসেবে দায়িত্ব পালনের সম্মতি জ্ঞাপন করায় অত্র সংগঠনের পক্ষ থেকে মাননীয় অর্থ মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সেই সাথে উক্ত কাজে সহযোগীতা করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কুমিল্লা, লক্ষীপুর ও নরসিংদী জেলা শাখার সংশ্লিষ্ট নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সাথে সাথে মহান আল্লাহর কাছে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি ১০ম গ্রেড বেতন স্কেল বাস্তবায়নে **Fixation** পদ্ধতি অতিদ্রুত সম্পন্ন করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করেন। তিনি ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদের পদোন্নতির ব্যাপারে আলোচনা করেন। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশকে শক্তিশালী করার জন্য প্রত্যেক জেলায় সাংগঠনিক সভা করার জন্য সংশ্লিষ্ট জেলার নেতৃবৃন্দকে আহবান জানান। তিনি মহাসচিব সাহেবকে সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহ্বান জানান।

মহাসচিব জনাব মোঃ আলফাজ উদ্দিন সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করেন।

গত ২৬/০৭/২০১৯ইং তারিখের জাতীয় কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

<u>সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-</u>

<u>সিদ্ধান্ত-০১ঃ</u> (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন/সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতনস্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করার জন্য কৃষি মন্ত্রণালয় স্মারক নং ১০৪১ তারিখ ২২/১০/২০১৮ মূলে যে প্রজ্ঞাপন জারী করা হয়েছে তাতে ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদার বিষয়ে কোন সুনিদিষ্ট দিক নির্দেশনা না থাকায় মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ গভীর ক্ষোভ ও হতাশায় ভুগছেন। অনতিবিলম্বে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদানের সুব্যবস্থা করার জন্য মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী মহোদয়, কৃষি মন্ত্রণালয় বরাবর জোর দাবী জানানো হলো।

(খ) গত ০২/১০/২০১৯ইং তারিখে স্মারক নং ১১২ মূলে অর্থ মন্ত্রণালয় বাস্তবায়ন অনুবিভাগ অধিশাখা-৪ কর্তৃক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন বিভাগ/ সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদেরকে **Self Drawing Officer** হিসেবে বেতন প্রাপ্তির সম্মতি জ্ঞাপন করায় মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে এবং এ কাজে সহযোগীতা করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কুমিল্লা, লক্ষীপুর ও নরসিংদী জেলা শাখার সংশ্লিষ্ট নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

(গ) গত ২২/১০/২০১৮ইং তারিখে স্মারক নং ১০৪১ মূলে কৃষি মন্ত্রণালয়ের জি.ও জারীর পর গত ১৯/০৩/২০১৯ইং তারিখে স্মারক নং ১৭১২(১২৮২) এর মাধ্যমে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পৃষ্ঠাংকন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তর সহ প্রয়োজনীয় স্থানে পত্র প্রেরণ করেন। উপজেলা কৃষি কর্মকর্তা/মেট্রোপলিটন কৃষি অফিসার/থানা সার্কেল কৃষি অফিসার/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পত্রটি সংশ্লিষ্ট সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে পৃষ্ঠাংকন করে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সার্ভিস বহিতে লিপিবদ্ধ করার সুব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অনুরোধ করা হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

<u>সিদ্ধান্ত-০২ঃ</u> কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদধারীগণকে বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতির মাধ্যমে বর্তমান ২০% হারে প্রাপ্ত কৃষি ক্যাডারের প্রারম্ভিক এইও/সমমান পদের শূন্য পদে চলতি দায়িত্ব প্রদানের মাধ্যমে পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

<u>সিদ্ধান্ত-০৩ঃ</u> বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতির কোটা ডিপ্লোমা প্রকৌশলীদের ন্যায় ২০% থেকে ৩৩.৩৪% এ উন্নীত করণের ব্যাপারে কৃষি মন্ত্রণালয় সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ পূর্বের এল.আর পদসহ উপজেলা, জেলা এবং অঞ্চলের অফিসগুলোতে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের নির্ধারিত ভ্রমণ ভাতা ২০০/-(দুইশত) টাকা থেকে বৃদ্ধি করে ৩০০০/-(তিন হাজার) টাকায় উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ গত ০৭/০১/২০১৯ ইং তারিখে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে ২৩৮(দুইশত আটত্রিশ) জনকে পদোন্নতি যোগে পদায়নের আদেশের পর থেকে আরো ২০০(দুইশত) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতির জন্য তাদের সার্ভিস বহি, এ.সি.আর এবং কৃষি ডিপ্লোমার সনদপত্র সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি খামারবাড়িতে আনয়ন করা হয়েছে। এএইও পদে পদোন্নতি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ আগামী ২৩/১০/২০১৯ইং তারিখে প্রতি বছরের ন্যায় কেন্দ্রীয় এবং জেলা পর্যায় "২৩ অক্টোবর ডিপ্লোমা কৃষিবিদ দিবস" পালনের সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত-০৮ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় তহবিলের হিসাব নিকাশ নিরীক্ষা করার নিমিত্তে একটি অভ্যন্তরীণ অডিট কমিটি গঠনের জন্য ৫(পাঁচ) জন সদস্যের নাম আহবান করা হলে নিম্ন বর্ণিত সদস্যদের নাম উপস্থাপিত হয়।

১। জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, সভাপতি, বরিশাল অঞ্চল শাখা।
২। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সভাপতি, গাইবান্ধা জেলা শাখা।
৩। জনাব মো: ছায়দুর রহমান, সভাপতি, বগুড়া জেলা শাখা।
৪। জনাব মোঃ আবুল কাশেম, সভাপতি, ঢাকা জেলা শাখা।
৫। জনাব মো: এজার উদ্দীন সরকার, সভাপতি, দিনাজপুর অঞ্চল শাখা।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৪৮৮৪২৫

স্মারক নং- ২৪৫(৭৫০) তারিখঃ ১২/১০/২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৬. মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৭. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৯. মাননীয় মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ..........................।
১০. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী, ....................।
১১. মাননীয় পরিচালক, ...................................................................।
১২. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল।
১৩. মাননীয় অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), .............................।
১৪. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ................................... জেলা।
১৫. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৬. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .............. অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
১৮. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... উপজেলা শাখা, ............ জেলা।
১৯. জনাব .........................................................................................।

(মোঃ আলিফাজ উদ্দিন)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৮১৯-৪২৫০১৫